# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১৭৩. কাউকে শিঙা লাগিয়ে পয়সা কামানো

রা’ফি’ বিন্ খাদীজ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

ثَمَنُ الْكَلْبِ خَبِيْثٌ ، وَمَهْرُ الْبَغِيِّ خَبِيْثٌ ، وَكَسْبُ الْحَجَّامِ خَبِيْثٌ

“কুকুরের বিক্রিলব্ধ পয়সা নিকৃষ্ট, ব্যভিচারিণীর ব্যভিচারলব্ধ পয়সা এবং কারোর শরীর থেকে দূষিত রক্ত বের করে উপার্জিত পয়সা নিকৃষ্ট”।[1]

মু’হায়েসা (রা.) একদা রাসূল (সা.) এর নিকট শরীর থেকে দূষিত রক্ত বেরকারীর উপার্জিত পয়সা নেয়ার অনুমতি চাইলে তিনি তাকে তা নিতে নিষেধ করেছেন। তিনি রাসূল (সা.) কে এ ব্যাপারে বারবার জিজ্ঞাসা করলে রাসূল (সা.) তাঁকে বলেন:

أَعْلِفْهُ نَاضِحَكَ وَرَقِيْقَكَ

“তুমি তা তোমার উট ও গোলামকে খেতে দাও”।[2]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১৫৬৮ আবু দাউদ, হাদীস ৩৪২১)

[2] (আবু দাউদ, হাদীস ৩৪২২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11423

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন